তারিখ ... 07 MAY 2003 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

দৈনিক
ইনকিলাব



ইনকিলাব : ভিকারুননিসা ও আইডিয়াল স্কুলের বৃত্তিপ্রাপ্তদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি পূর্তমন্ত্রী মির্জা আব্বাস ও বিশেষ অতিথি এবং সম্মানিত অতিথিদের সাথে বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীরা

# আইডিয়াল ও ভিকারুননিসার ৭৪ জন জুনিয়র ও প্রাইমারী বৃত্তিপ্রাপ্তদের সংবর্ধনা

**স্টাফ রিপোর্টার :** ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ এবং আইডিয়াল স্কুল এন্ড কলেজের জুনিয়র এবং প্রাইমারী বৃত্তিপ্রাপ্ত ৭৪ জন কৃতী ছাত্র-ছাত্রীকে সংবর্ধনা দেয়া হয়েছে। গতকাল সকালে জাতীয় প্রেসক্লাব অডিটরিয়ামে উভয় কলেজের গভর্নিং বডির সদস্য খন্দকার মুশতাক আহমেদের সৌজন্যে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অভিভাবক এবং দর্শকদের উপস্থিতিতে বৃত্তিপ্রাপ্ত ৭৪ জন ছাত্র-ছাত্রীকে ক্রেস্ট, ফুলের তোড়া এবং সার্টিফিকেট প্রদান করেন অনুষ্ঠানের প্রধান অতিথি পূর্তমন্ত্রী মির্জা আব্বাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান মেজর (অবঃ) আবদুল মান্নান। অনুষ্ঠানের সম্মানিত অতিথি ছিলেন ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত প্রিন্সিপাল মিসেস রোকেয়া হোসেন ও আইডিয়াল স্কুল ও কলেজের ভারপ্রাপ্ত প্রিন্সিপাল মিসেস শাহান আরা বেগম। অনুষ্ঠানে আইডিয়াল স্কুলের প্রধান শিক্ষক জনাব মোজাম্মেল হক দর্শক গ্যালারীতে উপস্থিত ছিলেন।